

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৪০

১/ বিবিধ

আরবী

إذا كتب أحدكم إلى أحد فليبدأ بنفسه  
ضعيف

أخرجه الطبراني، وعنه ابن عساكر في " تاريخ دمشق " ( 10 / 142 - 143 طبع  
المجمع العلمي) : حدثنا محمد بن هارون بن محمد بن بكار بن بلال الدمشقي أخبرنا  
أبي أخبرنا أبو محمد بشير بن أبان بن بشير بن النعمان بن بشير بن سعد الأنصاري  
عن أبيه عن جده قال: " كتب مروان بن الحكم إلى النعمان بن بشير يخطب على ابنه  
عبد الملك بن مروان أم أبان بنت النعمان، وكان كتابه إليه: بسم الله الرحمن الرحيم،  
من مروان بن الحكم إلى النعمان بن بشير سلام عليكم ... فلما قرأ النعمان الكتاب  
كتب إليه: بسم الله الرحمن الرحيم، من النعمان بن بشير إلى مروان بن الحكم، بدأت  
باسمي سنة من رسول الله صلى الله عليه وسلم، وذلك لأنني سمعت رسول الله صلى  
الله عليه وسلم يقول: فذكره ". قلت: وهذا إسناد ضعيف، أورده ابن عساكر في  
ترجمة بشير بن أبان هذا، ولم يذكر فيه جرحا  
ولا تعديلا. وقد وقع منسوباً لجده، واسم أبيه النعمان بن أبان ابن بشير بن النعمان بن  
بشير ... الأنصاري، ولم أجد له ترجمة. والحديث عزاه في " الجامع الصغير "  
للطبراني في " المعجم الكبير "، وقال المناوي: " وفيه مجهول، وضعيف ". قلت: أما  
المجهول، فهو بشير بن أبان هذا أو أبو هـ. وأما الضعيف فلم أعرف من هو الذي  
يعنيه، فإن محمد بن هارون لم أجده في " الميزان ". و" اللسان "، ولا رأيت له ترجمة

في غيرهما. وأما أبو هـ هارون بن محمد فقال أبو حاتم: " صدوق ". والنسائي: " لا بأس به ". والله أعلم

وللحديث شاهد ولكن إسناده هالك فانظر الحديث الآتي (2702)

বাংলা

১৭৪০। তোমাদের কেউ যখন কারো উদ্দেশ্যে লিখবে তখন সে যেন তার নিজেকে দিয়ে শুরু করে।

হাদীসটি দুর্বল।

হাদিসটিকে ত্ববারানী আর তার থেকে ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১০/১৪২-১৪৩) মুহাম্মাদ ইবনু হারুন ইবনু মুহাম্মাদ ইবনু বাক্কার ইবনু বিলাল দেমাস্কী হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু মুহাম্মাদ বাশীর ইবনু আবান ইবনু বাশীর ইবনুন নু'মান ইবনু বাশীর ইবনু সা'দ আনসারী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ মারওয়ান ইবনুল হাকাম নু'মান ইবনু বাশীরের নিকট লিখলেন তিনি তার ছেলে আব্দুল মালেক ইবনু মারওয়ানের বিয়ের প্রস্তাব দিচ্ছেন নু'মানের মেয়ে উম্মু আবানের সাথে। তার নিকট তার লিখার প্রথমে ছিলঃ বিসমিল্লাহির রহমানির রাহীম। মারওয়ান ইবনুল হাকাম হতে নু'মান ইবনু বাশীরের নিকট, আস সালামু আলাইকুম ....।

নুমান চিঠি পাঠ করে তার উদ্দেশ্যে উত্তরে লিখলেনঃ বিসমিল্লাহির রহমানির রাহীম। নুমান ইবনু বাশীর হতে মারওয়ান ইবনুল হাকামের নিকট। আমি আমার নাম দিয়ে শুরু করলাম রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুল্লাতের উপর আমল করার স্বার্থে। কারণ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এটিকে ইবনু আসাকির বাশীর ইবনু আবানের জীবনীতে উল্লেখ করেছেন এবং তার সম্পর্কে ভালমন্দ কিছুই বলেননি। তাকে তার দাদার উদ্ধৃতিতে উল্লেখ করা হয়েছে। তার পিতার নাম হচ্ছে নুমান ইবনু আবান ইবনু বাশীর ইবনুন নুমান ইবনু বাশীর ... আনসারী, আর তার জীবনী পাচ্ছি না।

হাদীসটিকে সুয়ূতী “আলজামেউস সাগীর” গ্রন্থে ত্ববারানীর “আলমুজামুল কাবীর” গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। আর মানবী বলেছেনঃ এর মধ্যে মাজহুল (অপরিচিত) এবং দুর্বল বর্ণনাকারী রয়েছেন।

আমি (আলবানী) বলছি বাশীর ইবনু আবান অথবা তার পিতা মাজহুল (অপরিচিত)। আর দুর্বল। আমি জানি না সে কে? কারণ মুহাম্মাদ ইবনু হারুণকে “আলমীযান” এবং “আললিসান” গ্রন্থে পাচ্ছি না। অন্য গ্রন্থেও তার জীবনী দেখছি না।

আর তার পিতা হারুণ ইবনু মুহাম্মাদ সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি সত্যবাদী। নাসাঈ বলেনঃ তার ব্যাপারে সমস্যা নেই। হাদীসটির একটি শাহেদ রয়েছে। তবে তার সনদে ধ্বংসপ্রাপ্ত বর্ণনাকারী রয়েছেন। সেটি (২৭০৩)

নম্বরে আসবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72623>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন